

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.২৭.০০৫.১৭-৬৮৭


তারিখঃ ১০-০৬-২০১৯ খ্রিঃ

প্রজ্ঞাপন

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের সলিসিটর উইংয়ের ফৌজদারী শাখার অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ শাহজাহান গত ২৪/০৪/২০১৭ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের বিনানুমতিতে ০১(এক) বছরের বেশি সময় কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তাঁকে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়ে ০৭(সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদান করার জন্য ২১/০৬/২০১৭ খ্রিঃ তারিখ রেজিস্ট্রি ডাকযোগে কারণ দর্শানোর নোটিশ তাঁর স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত কারণ দর্শানোর নোটিশটি প্রাপককে না পাওয়ায় ১৭/০৭/২০১৭ খ্রিঃ তারিখ ফেরত পাওয়া যায়। তার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক অসদাচরণ (misconduct) ও বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের (desertion) অপরাধে দোষী সাব্যস্তের সামিল বিধায় বর্ণিত অভিযোগে অভিযুক্ত করা হলো এবং ০১/২০১৯ নং বিভাগীয় মামলা রুজু করা হলো।

তাঁকে অভিযোগের গুরুত্ব বিবেচনায় ও প্রশাসনিক স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২(১) বিধি মোতাবেক চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspension) করা হলো।

- ২। সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্ত হবেন।
- ৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ ফজলে এলাহী ভূইয়া)
উপসচিব (প্রশাসন-২)
ফোন- ৯৫৭৬৬২৫

জনাব মোঃ শাহজাহান
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক
সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ


স্থায়ী ঠিকানাঃ
গ্রামঃ উপদ্বিলামছি, ডাকঘরঃ চাপরাশিরহাট,
উপজেলাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী

স্মারক নং-১০.০০.০০০০.১২৯.২৭.০০৫.১৭-৬৮৭

তারিখ-১০-০৬-২০১৯ খ্রিঃ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)ঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ২। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ।
- ৫। যুগ্ম-সচিব (প্রশাসন-১/২/সলিসিটর) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৬। উপসচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৭। উপ-সলিসিটর (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ৮। অফিস কপি।


১০-৬-১৯

(তেয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjusticediv.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০